



জ্বালানি সরবরাহ থাকা সত্ত্বেও সংকট তৈরি করা হচ্ছে: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

দেশে জ্বালানির পর্যাপ্ত সরবরাহ থাকা সত্ত্বেও কৃত্রিম সংকট তৈরি করা হচ্ছে বলে অভিযোগ করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার ঠাকুরগাঁওয়ের মির্জা রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, পেট্রোল পাম্পগুলোতে মোটরসাইকেলের দীর্ঘ সারি দেখা গেলেও এটি প্রকৃত ঘাটতির ফল নয়; বরং কিছু অসাধু চক্র পাম্প থেকে তেল নিয়ে কালোবাজারে বিক্রি করায় এ পরিস্থিতি তৈরি হয়েছে। এ বিষয়ে জেলা প্রশাসনকে নজরদারি বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। অনুষ্ঠানে ঘূর্ণিঝড় ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ৭১০ পরিবারের মধ্যে ডেউটিন ও নগদ ৫ হাজার টাকা করে সহায়তা বিতরণ করা হয়। পাশাপাশি ২৯৪টি সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নে ১৪ কোটি ৭০ লাখ টাকার চেক দেওয়া হয়।

মির্জা ফখরুল বলেন, ইরান-যুক্তরাষ্ট্র-ইসরায়েল সংঘাতসহ বৈশ্বিক পরিস্থিতির প্রভাব থাকলেও সরকার কৃষি ও উন্নয়ন খাতে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে, যাতে কৃষকরা সেচ সুবিধা ও ফসলের ন্যায্যমূল্য পেতে পারে।

LENS ASIA